

# মির্জা আহমেদ ইস্পাহানী সৃতি বিদ্যালয়

মোহরা, চান্দগাঁও, চট্টগ্রাম।

## ভর্তি নির্দেশিকা-২০২৪

মির্জা আহমেদ ইস্পাহানী সৃতি বিদ্যালয়ে ২০২৪ইং শিক্ষাবর্ষে নার্সারী শ্রেণিতে ছাত্র-ছাত্রীভর্তি বিষয়ক কার্যক্রম আগামী ০৫/১১/২০২৩ইং তারিখ রোজ রবিবার হতে শুরু হয়ে ১৫/১১/২০২৩ইং তারিখ রোজ বুধবার পর্যন্ত চলবে। এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা নিচে প্রদান করা হলোঃ-

১। উল্লেখিত তারিখ সমূহে প্রতি কার্যদিবসে সকাল ১০.৩০টা থেকে দুপুর ১২.৩০টা পর্যন্ত সময়ের মধ্যে বিদ্যালয় অফিস হতে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

২। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীর বয়সসীমা ০১/০১/২০২৪ইং তারিখে ৪ বছর হতে ৫ বছর এর মধ্যে হতে হবে। এ ব্যাপারে কোন ছাড় দেয়া হবে না এবং কোন ধরনের সুপারিশও গ্রহণযোগ্য হবে না।

৩। ভর্তি ফরম সংগ্রহের সময় ভর্তিচ্ছু শিক্ষার্থীকে নিয়ে শিক্ষার্থীর মা অথবা বাবার বিদ্যালয়ে আসা বাধ্যতামূলক।

৪। ভর্তি ফরম সংগ্রহের সময় শিক্ষার্থীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি ও একটি ফটোকপি অবশ্যই সাথে নিয়ে আসতে হবে।

৫। সংগৃহীত ভর্তি ফরমে পরীক্ষার্থীর রোল নং, লটারির তারিখ ও সময়ের কলাম ছাড়া অন্য সব তথ্য যথাযথভাবে পূরণ করে সর্বশেষ আগামী ১৬/১১/২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২টার মধ্যে বিদ্যালয় অফিস কক্ষে জমা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র সংগ্রহ না করলে লটারিতে নাম অন্তর্ভুক্ত করা হবে না।

৬। ভর্তির আবেদন পত্রে কোন তথ্য গোপন করলে, মিথ্যা তথ্য প্রদান করলে অথবা পরবর্তীতে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর ফলাফল/ভর্তি বাতিল করা হবে।

৭। উপযুক্ত প্রার্থীদের মধ্য হতে নার্সারী শ্রেণি “ক” ও “খ” শাখার আসন সংখ্যার ভিত্তিতে প্রকাশ্য লটারির মাধ্যমে ভর্তির জন্য ছাত্র-ছাত্রী বাছাই করা হবে।

৮। আগামী ৩০/১১/২০২৩ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১টায় বিদ্যালয় প্রাঙ্গনে লটারি অনুষ্ঠিত হবে। ঐ দিন অবশ্যই ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে নিয়ে শিক্ষার্থীর মা অথবা বাবাকে প্রবেশপত্রসহ উপস্থিত থাকতে হবে।

সম্মানিত অভিভাবকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, অত্র বিদ্যালয়ের মান অনুযায়ী নার্সারী শ্রেণিতে অধ্যয়নের জন্য ভর্তির আগেই নিরোক্ত পাঠক্রম শেষ করতে হয়। যারা নিরোক্ত পাঠক্রম শেষ না করে ভর্তি হবে তারা শ্রেণি কার্যক্রমে সবসময় পিছিয়ে থাকবে এবং তাদের শ্রেণি পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার ফলাফল খারাপ হবে। সুতরাং, ভর্তি ফরম সংগ্রহের আগেই নিজ নিজ স্থানের যোগ্যতা যাচাই পূর্বক এ ব্যাপারে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে এবং অনুপোয়ুক্ত শিশুকে ভর্তি করে শুরুতেই তার শিক্ষা জীবন বাঁধাগ্রস্ত না করতে সম্মানিত অভিভাবক-অভিভাবিকাগণকে অনুরোধ করা হলো। আরো উল্লেখ্য যে অত্র বিদ্যালয়ের নিয়ম অনুযায়ী বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই উপরের শ্রেণিতে উত্তীর্ণ করা হয় না এবং পর পর দু'বছর অকৃতকার্য হলে বাধ্যতামূলক T.C প্রদান করা হয়।

**পাঠক্রম:** নার্সারী শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে অবশ্যই বাংলা স্বরবর্ণ, ইংরেজি Capital Letter, ১-৫০, ১-৫০ পর্যন্ত লিখতে ও বলতে পারা এবং নিজের নাম, পিতা-মাতার নাম ও স্পষ্ট ভাষায় কথা বলতে পারতে হবে।

বিঃদ্রঃ ভর্তিচ্ছু শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন সনদ ব্যতীত কোন অবস্থাতেই ভর্তি ফরম প্রদান করা হবে না।

প্রধান শিক্ষক

মির্জা আহমেদ ইস্পাহানী সৃতি বিদ্যালয়।

“স্বাস্থ্যবিধি মেনে চলুন”